ভো.রের কাগজ

তারিখ ...19 JAN 2006 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বাংলাদেশ স্পোর্টস একাডেমী

## খেলার মাঝেই যেখানে লেখাপড়া



আমাদের দেশের একমাত্র সরকারি ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান হচ্ছে বিকেএসপি। বিকেএসপিতে ভর্তি হওয়ার ইচ্ছা থাকা সত্ত্বেও অনেকে ভর্তি হতে পারে না। এদের কথা চিন্তা করেই বাংলাদেশ ক্রীড়াঙ্গনের উজ্জ্বল নক্ষত্র ও বিকেএসপির সাবেক চিফ কোচ মোঃ আলী আজগর খান সাহেব ২০০১ সালে প্রতিষ্ঠা করেন দেশের একমাত্র বেসরকারি ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান বাংলাদেশ স্পোর্টস একাডেমি। যুগের চাহিদার সঙ্গে তাল মিলিয়ে এবং দেশে খ্যাতিমান ক্রীড়াবিদ গড়ার লক্ষ্যেই সম্পূর্ণ বিকেএসপির আদলে গড়ে তোলা হয়েছে বাংলাদেশ স্পোর্টস একাডেমি।

**অবস্থান :** শিক্ষা, সংস্কৃতি আর নানা ঐতিহ্যের জেলা শহর কুমিল্লার কোটবাড়িতে বাংলাদেশ স্পোর্টস একাডেমির নিজস্ব ক্যাম্পাস অবস্থিত। শালবন বিহার ও প্রস্তাবিত কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের জন্য নির্ধারিত স্থানের পাশে সালমানপুরে পাহাড় ঘেরা ছায়া শীতল মনোরম পরিবেশে ১০ বিঘা জমির ওপর সম্পূর্ণ বিকেএসপির আদলে তৈরি করা হয়েছে বাংলাদেশ স্পোর্টস একাডেমির কমপ্লেক্স।

**খেলার মাঝে লেখাপড়া যে জন্য :** আমাদের দেশের অনেক বড়ো বড়ো

নেই। সন্তানের লেখাপড়ার জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি করে মাসে ৪-৫ হাজার টাকা পর্যন্ত অভিভাবকরা খরচ করছে। তারপরও ছেলেমেয়েরা খেলাধুলার জন্য মাঠ পাচ্ছে না। স্কুলে বা কলেজে গিয়েও তাদেরকে সেই চার দেয়ালের মধ্যেই আবদ্ধ থাকতে হচ্ছে। কিন্তু বাংলাদেশ স্পোর্টস একাডেমি সামান্য খরচে আবাসিক সুবিধাসহ ছাত্রছাত্রীদের মুক্তভাবে চলাফেরার মাঝে লেখাপড়া করাচ্ছে। বাংলাদেশ স্পোর্টস একাডেমির ক্রিকেট ও ফুটবলের জন্য দুটি আলাদা মাঠ রয়েছে। আন্তর্জাতিক মানসম্পন্ন জিমনেসিয়াম ডরমেটরি এবং ইনডোর গেমসের সব আয়োজনই রয়েছে বাংলাদেশ স্পোর্টস একাডেমিতে। এই একাডেমিতে সার্বক্ষণিক্ষ প্রশিক্ষণের জন্য রয়েছে ৩ জন স্পেশাল কোচ। কোচ কাম শিক্ষক রয়েছেন ১১ জন। অভিজ্ঞ শিক্ষক এবং কোচদের তত্ত্বাবধানে পাঠদান এবং প্রশিক্ষণের সম্পূর্ণ আধুনিক পদ্ধতি অবলম্বন করা হয়। এটি যদিও ক্রীড়া প্রতিষ্ঠান তবুও এখানে ক্রীড়া প্রশিক্ষণ এবং একাডেমিক শিক্ষাকে সমান গুরুত্ব দেওয়া হয়। কাকডাকা ভোর থেকে শুরু হয় ক্রিকেট প্রশিক্ষণ। দুপুর ২টা থেকে শুরু হয় একাডেমিক কার্যক্রম

ভিডিও ক্যামেরার মাধ্যমে খেলোয়াড়দের বিভিন্ন অ্যাকশনের তুলে পরবর্তী সময়ে ত্রুটি সংশোধ করা হয়। এখানে নিয়মিত প্রশিক্ষ ছাড়াও দেশের প্রখ্যাত প্রশিক্ষক দ্বা বিশেষ কোচিঙের ব্যবস্থা করা হয়। প্রতি বছর দেশে ও বিদেশে বিভিন্ন টুর্নামেন্টে এবং প্রদর্শনী ম্যাচে অংশগ্রহণের সুযোগ রয়েছে এখান ক্যাডেটদের। খেলাধুলার পাশাপা এখানে বিষয়ভিত্তিক লেকচারারদের ক্লাসে পাঠদান ও সান্ধ্যকালীন কো উন্নত কৌশলের মাধ্যমে পড়া আদ করা হয়। খেলাধুলার পাশাপাশি কঠোর নিয়ম শৃঙ্খলার মাধ্যমে এখানকার ক্যাডেটদের সৎ ও সাহ নাগরিক হিসেবে গড়ে তোলা হয়। একাডেমিতে অবস্থানকালে কোনো ক্যাডেটের বিপদগামী হওয়ার সামান্যতম সুযোগও নেই।

**স্কলারশিপ :** জাতিয় জুনিয়র দরে অংশগ্রহণকারি খেলোয়ারদের স্কলারশিপের ব্যবস্থা রয়েছে। এছা প্রতি বছর দেশে ও বিদেশে বিভিন্ন টুর্নামেন্ট ও প্রদর্শনি ম্যাচে অংশগ্র দুর্লভ সুযোগ।

**সাফল্য :** বাংলাদেশ স্পোর্টস একাডেমির ক্রিকেট দলে কয়েকজ প্রতিভাবান ব্যাটসম্যান ও বোলার রয়েছেন বলে সার্টিফাই করেছেন শ্রীলঙ্কার অনূর্ধ্ব-১৩ ক্রিকেট দলের কোচ। ভারতের দিল্লিতে অনুষ্ঠিত প্রথম বিশ্বকাপ স্কুল ক্রিকেটে অংশ করে চতুর্থ স্থান অর্জন করেছে বাংলাদেশ স্পোর্টস একাডেমি। এছাড়াও আন্তর্জাতিক স্কুল ক্রিকেটে তৃতীয় স্থান। জাতীয় স্কুল ক্রিকেটে কুমিল্লা জেলা ও চট্টগ্রাম বিভাগে অপরাজিত চ্যাম্পিয়ন। জাতীয় অনূ ১৩, ১৫, ১৭ দলে উল্লেখযোগ্য ক্যাডেটদের অংশগ্রহণ। ঢাকা ও কুমিল্লার প্রিমিয়ার লিগে অংশগ্রহণ আরো অনেক সাফল্য রয়েছে। এছাড়াও একাডেমিকভাবে গত বছ এসএসসি পরীক্ষায় বাংলাদেশ স্পোর্টস একাডেমির ক্যাডেটদের পাসের হার ছিল ৭০%-এর বেশি এখানে পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণী প পড়ানো হয়। ভর্তি এবং অন্যান্য তথ্যের জন্য যোগাযোগ করুন: খা কমপ্লেক্স সালমানপুর, পোঃ এলাহী কোটবাড়ি, কুমিল্লা। ফোন : ০১৭১ ৩৯৬৯৪১, ০১৭১-০৫৬৯০১।